

আনন্দবাজার পত্রিকা

Dt. : 27/06/2012

কম্পিউটার প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন



ছবি: রাজীব বসু

পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের কাজে গতি আনতে কর্মচারীদের জন্য বুধবার কম্পিউটার প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করলেন আবাসনমন্ত্রী অরুণ বিশ্বাস। ওয়েবেলের ব্যবস্থাপনায় ওই শিবিরের উদ্বোধনের পর মন্ত্রী বলেন, “কাজের সময় কোনও ইউনিয়ন অফিস খোলা রাখা যাবে না। অফিস খোলা দেখলে তা সিল করে দেওয়া হবে। এ ক্ষেত্রে লাল-সবুজ কোনও রঙ দেখা হবে না।” ভবিষ্যতে অফিসে এ নিয়ে বিক্ষোভ হলে তা তাঁকে জানানোর নির্দেশ দেন মন্ত্রী। তবে আগামী দশ বছর কর্মীদের বেতন-সংক্রান্ত কোনও সমস্যা হবে না বলে আশ্বাসও দিয়েছেন অরুণবাবু।